**পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর**
www.iau.edu.bd
iau.exam@gmail.com

**ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়**
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পনি/ কামিল (মাস্টার্স) পরীক্ষা/২০১৫/

তারিখ: ০৭ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

# ২০১৮ সালে অনুষ্ঠিতব্য কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকার আওতাধীন কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এর আবেদন ফরম পুরণের নিমিত্তে বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

**পরীক্ষা শুরু হওয়ার সম্ভাব্য তারিখ :**

কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) ঃ ০৫/০৩/২০১৮ খ্রি.

**১। অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী :**

| ক্রম | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | বিলম্ব ফি' ছাড়া কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষার অনলাইন eFF এর তারিখ | ২২-০১-২০১৮ থেকে ২৮-০১-২০১৮ পর্যন্ত |
| ০২ | বিলম্ব ফি' ছাড়া পরীক্ষার ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ | ২২-০১-২০১৮ থেকে ২৮-০১-২০১৮ পর্যন্ত |
| ০৩ | বিলম্ব ফি'সহ কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষার অনলাইন eFF এর তারিখ | ২৯-০১-২০১৮ থেকে ০৪-০২-২০১৮ পর্যন্ত |
| ০৪ | বিলম্ব ফি'সহ কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষার ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ | ২৯-০১-২০১৮ থেকে ০৪-০২-২০১৮ পর্যন্ত |
| ০৫ | পরীক্ষা ফি, আনুষঙ্গিক ফি জমার রশিদ, অনলাইনে আবেদন ফরম পূরণ (eFF) এর পর প্রাপ্ত পরীক্ষার্থীর তালিকা (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) এবং আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার শেষ তারিখ (অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি জমার রশিদ ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণ করা হবে না।) | ২২-০১-২০১৮ থেকে ০৮-০২-২০১৮ পর্যন্ত |

**২। পরীক্ষার্থীর যোগ্যতা :**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) ভর্তিকৃত ছাত্র-ছাত্রী কামিল কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এ অংশ গ্রহণ করতে পারবে।

**৩। রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী :**

রেজিস্ট্রেশন নম্বর ছাড়া আবেদন ফরম কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**৪। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :**

পরীক্ষার্থীদেরকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকার প্রচলিত কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) শ্রেণির জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

**৫। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :**

ক) eFFএর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী ব্যাংকের নিজস্ব জমা রশিদের মাধ্যমে সম পরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত মূল রশিদটি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে।

**(কোন অবস্থাতে ০৪-০২-২০১৮খ্রি. এর পরে অনলাইনে eFF করা যাবে না)।**

খ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

**৬। সকল প্রকার পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নরূপঃ**

| পরীক্ষার নাম | পরীক্ষার ফি (প্রতি পত্র) | টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পত্র) | মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী) | মোট | বিলম্ব ফি |
|---|---|---|---|---|---|---|
| কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) | ২০০.০০ (৭ টি কোর্স) | ৮০.০০ | ২০০.০০ | ৫.০০ | ২,১৬৫.০০ | ৩০০.০০ |

**৭। <u>অন্যান্য ফি-এর হার :</u>**

ক) কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা (ব্যবহারিক পরীক্ষা ব্যতীত) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

**৯**। ক) পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকার হিসাব নং-**০২০০০০৯০৮২৩৪১** (ইআবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর-এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট কাগজপত্র ও ব্যাংকে টাকা জমা দেয়ার মূল রশিদ ব্যতিত Final Candidates List প্রকাশ করা হবে না। টাকা জমা দেয়ার মূল রশিদ ও আনুষাঙ্গিক কাগজপত্র সহ উপরে বর্ণিত সময়সূচি অনুযায়ী ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অন্যথায় এর দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

খ) ব্যাংকে টাকা জমার পর মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদরাসার সীলমোহরসহ স্বাক্ষর করবেন।

গ) কোন ক্রমেই নগদ টাকা,পে-অর্ডার, পোষ্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।

ঘ) **বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি-এর টাকা জমার রশিদ গ্রহণ করা হবে না।**

ঙ) টাকা জমা দেওয়ার সময় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের হালনাগাদ অধিভুক্তি নবায়ন কপি এবং গভর্নিং বডি অনুমোদন কপি অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় পরীক্ষা সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণ করা হবে না।

**১০। <u>অন্যান্য বিষয় সংক্রান্তঃ</u>**

ক) অবৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি হওয়ার কারণে ২০১৭ সালে পরীক্ষা দেওয়ার যোগ্য নয় ও অন্য যে কোন ধরণের অবৈধ ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।

**১১। <u>অন-লাইনে ফরম পূরণের www.iau.edu.bd এ কোন সমস্যা হলে হেল্প ডেস্ক নং-০১৭০৯৩৮৯০০৭ অথবা ০১৭০৯৩৮৯০০৬ মোবাইল নম্বরে বা ই-মেইল iau.exam@gmail.com যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।</u>**

১২। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৮ সালে অনুষ্ঠিতব্য কামিল (মাস্টার্স ১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এর পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিক ভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

21.12.17

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ইআবি/পনি/ কামিল (মাস্টার্স) পরীক্ষা/২০১৫/৯৯৫৪ তারিখঃ ২১ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. ভাইস চ্যান্সেলর
ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/মাওলানা ভাষানী বিজ্ঞান ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/বরিশাল/বাংলাদেশ টেক্সটাইল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়।

৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/ বরিশাল/দিনাজপুর/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৪. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৫. রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

৬. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

৭. জেলা প্রশাসক, সকল।

৮. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/দিনাজপুর/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৯. অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)।

১০. অধ্যক্ষ,......................................................................

১১. সকল কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১২. অফিস নথি।